



ঢাকা গভঃ ল্যাবরেটরি স্কুলে ভর্তি পরীক্ষায় অবতীর্ণ শিশুরা

-ইনামুল কবির

গুটিকয়েক স্কুলে তীব্র প্রতিযোগিতা শেষ হলো চব্বিশ সরকারী স্কুলের ভর্তিযুদ্ধ

মোশতাক আহমেদ

যুগে ফিরে সেই একই চিত্র। রাজধানীর গুটিকয়েক স্কুলেই ভর্তি নিয়ে তীব্র প্রতিযোগিতা। আসন সঙ্কটের কারণে এসব শিক্ষা প্রতিষ্ঠানে একটি আসন দখল করতে কোমলমতি শিশুদের লড়তে হচ্ছে অনেকটা যুদ্ধের মতো। নতুন করে মানসম্মত স্কুল না হওয়ার কারণেই এসব স্কুলের ওপর চাপ বাড়ছে বলে সর্বশ্রেষ্ঠদের অভিমত। শিশুদের অভিভাবকরা তাদের সম্ভানদের এসব প্রতিষ্ঠানে ভর্তি করাতে তদবির বাণিজ্য থেকে শুরু করে হেন কোন চেষ্টা নেই যা তারা করছেন না।

এমনি অবস্থায় তীব্র প্রতিযোগিতায় শনিবার আরও আটটি স্কুলের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে শেষ হলো রাজধানীর ২৪ সরকারী স্কুলের ভর্তিযুদ্ধ।

'ক' গ্রুপের আওতায় শনিবার অনুষ্ঠিত হয়েছে ঢাকা গভঃ ল্যাবরেটরি স্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বাগিকা উচ্চ বিদ্যালয়, বিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস হাইস্কুল, ইসলামীয়া সরকারী উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা। প্রথম থেকে নবম শ্রেণীর এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় এক শ' নম্বরের ভিত্তিতে (বাংলা, ইংরেজী ও অঙ্ক)। দু'টি শিফটে অনুষ্ঠিত হয় পরীক্ষা। প্রতিটি স্কুলেই দেখা গেছে লম্বা লাইন করে শিশুরা পরীক্ষার হলে ঢুকেছে। প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষা হলেও মূল প্রতিদ্বন্দ্বিতা হয়েছে প্রথম ও ষষ্ঠ শ্রেণীর পরীক্ষায়। সবচেয়ে বেশি প্রতিযোগিতা হয়েছে ঢাকা গভঃ ল্যাবরেটরি স্কুলে।

রাজধানীর চব্বিশ সরকারী স্কুলের পাশপাশি বেসরকারী স্কুলগুলোতেও চলছে প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষা। তবে সবখানেই প্রথম ও ষষ্ঠ শ্রেণীতেই হচ্ছে মূল প্রতিযোগিতা। বোঝা নিয়ে জানা গেছে, রাজধানীতে

(১১- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

শেষ হলো চব্বিশ

(১২-এর পাতার পর)

অর্ধশতাধিক স্কুলে ভর্তি পরীক্ষা হলেও মূলত প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে গুটিকয়েক স্কুলে। বেসরকারী স্কুলগুলোর মধ্যে ডিকারননিসা নুন স্কুল, আইডিয়াল স্কুল, হলিউস স্কুল, উইলস পিটল ফ্রাওয়ার স্কুল, উদয়ন স্কুল, মনিপুর উচ্চ বিদ্যালয়, মিরপুর হারম্যান মাইনরসহ মাত্র কয়েকটি স্কুলে ভর্তির জন্য একপ্রকার যুদ্ধ করতে হয় শিশুদের। একটি আসন দখল করতে আট থেকে পনেরো জন পর্যন্ত লড়তে হয়েছে কিংবা হচ্ছে।